রাষ্ট্রীয়খাতে একমাত্র নন-লাইফ বীমা ও পুনঃবীমা প্রতিষ্ঠান

# সাধারণ বীমা কর্পোরেশন

## SADHARAN BIMA CORPORATION

(অর্থনৈতিক নিরাপত্তার প্রতীক)

প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা।

Website: www.sbc.gov.bd

নম্বর: ৫৩.০৭.০০০০.২০১.১৩.০০১.২৩/১৬২৮

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩০
২২ জুন ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান সাধারণ বীমা কর্পোরেশনের কিছু সংখ্যক শূন্য পদ পূরণের লক্ষ্যে আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত পদে ও বেতনস্কেলে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত পদগুলোর জন্য আবশ্যকীয় যোগ্যতা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলোঃ-

| ক্র. নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | সহকারী ম্যানেজার<br>টা: ২২০০০-৫৩০৬০ /- (গ্রেড-৯) | ৭৮ (আটাত্তর) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার বছরের দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী/সমমানের ডিগ্রী। কোন ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণী বা সমমানের ফলাফল গ্রহণযোগ্য হবে না।<br>তবে অর্থনীতি, গণিত, পরিসংখ্যান, ব্যবস্থাপনা, প্রশাসন ও বাণিজ্য (ফাইন্যান্স, মার্কেটিং, হিসাব বিজ্ঞান, ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স, ব্যবসায় প্রশাসন) ডিগ্রীধারী এবং কম্পিউটারে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ২. | সহকারী ম্যানেজার (প্রকৌ:)/<br>সহকারী প্রকৌশলী<br>টা: ২২০০০-৫৩০৬০ /- (গ্রেড-৯) | ৪ (চার) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল/ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/অটো মোবাইল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রী বা সমমানের ডিগ্রী। কোন ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণী বা সমমানের ফলাফল গ্রহণযোগ্য হবে না। |
| ৩. | জুনিয়র অফিসার<br>টা: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ৬৭ (সাতষট্টি) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। কোন ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণী বা সমমানের ফলাফল গ্রহণযোগ্য হবে না। কম্পিউটারে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৪. | জুনিয়র অফিসার (প্রকৌ:)<br>টা: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ৬ (ছয়) টি | স্বীকৃত ইনস্টিটিউট হইতে সিভিল/ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/অটো মোবাইল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা বা সমমানের ডিগ্রী। কোন ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণী বা সমমানের ফলাফল গ্রহণযোগ্য হবে না। |
| ৫. | উচ্চমান সহকারী<br>টা: ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ২৩ (তেইশ) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। কম্পিউটারে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। |

উপরোক্ত ছকের ক্রমিক নং-৫ এ বর্ণিত উচ্চমান সহকারী (গ্রেড-১৪) পদে নিম্নোক্ত জেলার সাধারণ কোটার প্রার্থীদের আবেদনের প্রয়োজন নেইঃ-
**ময়মনসিংহ, নেত্রকোণা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, চাঁদপুর, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, পাবনা, নওগাঁ, নাটোর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, খুলনা, যশোর, ঝিনাইদহ, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, মৌলভীবাজার, হবিগঞ্জ**

আবেদনকারীদের জন্য শর্তাবলীঃ

১. আগ্রহী প্রার্থীগণ'কে অবশ্যই নির্ধারিত ওয়েবসাইট **http://sbc.teletalk.com.bd** এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থী ফরম পূরণের নির্দেশিকা (সংশ্লিষ্ট ওয়েবসাইটে দেয়া আছে) মোতাবেক ফরম পূরণ করতে হবে।

২. আবেদনকারীর বয়সসীমা: জনপ্রশাসন মন্ত্রণালয়ের বয়সসীমা সংক্রান্ত নির্দেশনা মোতাবেক **২৫-০৩-২০২০** তারিখে বয়স সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী কোটায় আবেদনকৃত প্রার্থীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর (বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

৩. আবেদনের সময়সীমা: i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ **০৫-০৭-২০২৩, সকাল: ১০:০০ ঘটিকা।**
ii) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শেষ তারিখ **২৫-০৭-২০২৩, সন্ধ্যা: ০৬:০০ ঘটিকা।**
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ **ক)** সহকারী ম্যানেজার, সহকারী ম্যানেজার (প্রকৌশল)/সহকারী প্রকৌশলী পদের ক্ষেত্রে **টাঃ ৬০০/- (ছয়শত মাত্র), খ)** জুনিয়র অফিসার ও জুনিয়র অফিসার (প্রকৌ:) পদের ক্ষেত্রে **টাঃ ৫০০/- (পাঁচশত মাত্র)** এবং **গ)** উচ্চমান সহকারী পদের ক্ষেত্রে **টাঃ ২০০/- (দুইশত মাত্র)** জমা দিতে হবে।

৪. Online আবেদনপত্রে প্রার্থীকে তার স্বাক্ষর (৩০০×৮০ Pixel, Size Max 80 KB) ও রঙিন ছবি (৩০০×৩০০ Pixel, Size Max 100 KB) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে।

৫. Online আবেদনপত্রে পূরণকৃত সকল তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

৬. প্রার্থী Online -এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

৭. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটার স্ক্রিনে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইলের মাধ্যমে ০২(দুই) টি **SMS** করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য নির্ধারিত টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।
**প্রথম SMS** : SBC<space> User ID লিখে 16222 এই নম্বরে send করতে হবে। Example: SBC ABCDEF & send to 16222
**দ্বিতীয় SMS** : SBC<space>YES<space>PIN লিখে 16222 এই নম্বরে send করতে হবে। Example: SBC YES 123456 & send to 16222

৮. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://sbc.teletalk.com.bd ওয়েবসাইটে অথবা সাধারণ বীমা কর্পোরেশনের ওয়েবসাইট http://www.sbc.gov.bd এর নোটিশ বোর্ডে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

৯. SMS -এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (অবশ্যই রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

১০. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।
i) User ID জানা থাকলে SBC<space> <Help> <space> < User > <space> <User ID & send to 16222
Example: SBC Help User ABCDEF & send to 16222
ii) PIN Number জানা থাকলে SBC<space> <Help> <space> <PIN> <space> < PIN No. & send to 16222
Example: SBC Help PIN 12345678 & send to 16222

১১. সাবীকের নিয়োগ বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইট http://sbc.teletalk.com.bd ও কর্পোরেশনের নিজস্ব ওয়েবসাইট http://www.sbc.gov.bd এ পাওয়া যাবে।

১২. প্রার্থীকে অনলাইন আবেদনপত্রে এই মর্মে অবশ্যই ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য নির্ভুল, সত্য ও সম্পূর্ণ। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণের পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীর প্রার্থিতা বাতিল করতে পারবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে কোন আইনি ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

১৩. প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবেনা। লিখিত পরীক্ষার পর কেবলমাত্র উত্তীর্ণ প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে পত্রিকায়, কর্পোরেশনের নিজস্ব ও আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

১৪. সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে দলিলাদি/কাগজপত্র দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূল কপি অবশ্যই জমা দিতে হবে।

অন্যান্য শর্তাবলীঃ

নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক এ বিষয়ে জারিকৃত সকল নীতিমালা/কোটা অনুসরণ করা হবে। পরীক্ষার উদ্দেশ্যে যাতায়াতের জন্য কর্পোরেশন কর্তৃক কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র বাতিল করার কিংবা নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও ফি জমাদানের পরামর্শ দেয়া যাচ্ছে।

আবেদনের শেষ তারিখ
**২৫-০৭-২০২৩ খ্রি.**

মোঃ সহিদুল হক
ডেপুটি জেনারেল ম্যানেজার (মানব সম্পদ)

ক-৪৯২ (১২×৪)